# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 30 March, 2025

ঈদের উৎসবকে সকলের মাঝে ছড়িয়ে দিতে ভলেন্টিয়ার ফর এনভারমেন্ট (□□□)-এর উদ্যোগে সুরভী স্কুলের সুবিধাবঞ্চিত ও এতিম শিশুদের মাঝে বিশেষ ঈদ উপহার বিতরণ করা হয়েছে।আয়োজনে ছিল মার্কেটিং এলামনাই এসোসিয়েশন (ঢাকা বিশ্ববিদ্যালয়), বাংলাদেশ এনভারমেন্টালিস্ট সোসাইটি ও সহযোগ-এর সার্বিক সহযোগিতায় আয়োজিত এই অনুষ্ঠানে শিশুদের মাঝে নতুন পোশাক, শিক্ষা উপকরণ বিতরণ করা হয়।

ঈদের উৎসব আনুষ্থানে উপস্থিত সুরভি স্কুলের দ্বিতীয় শ্রেণীর শিক্ষার্থী লিলি বলেন, "আমরা খুব খুশি ! আমাদের মতো শিশুদের কেউ খেয়াল রাখে না।নতুন জামা পেয়ে মনে হচ্ছে আমরাও ঈদ পালন করতে পারব।"

অধ্যাপক মার্কেটিং বিভাগ ও আহ্বায়ক মার্কেটিং এলুমনাই, ঢাকা বিশ্ববিদ্যালয় প্রফেসর ড. এবিএম শহীদুল ইসলাম বলেন, "শিক্ষা ও মানবিক মূল্যবোধের বিকাশে আমরা সবসময় কাজ করে যাচ্ছি।এই ধরনের উদ্যোগ সামাজিক সচেতনতা বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।"

ভলেন্টিয়ার ফর এনভারমেন্ট এর ফাউন্ডার শেখ শাহরুখ ফারহান জানান, "এতিম ও সুবিধাবঞ্চিত শিশুদের পাশে দাঁড়ানো আমাদের সামাজিক দায়িত্ব। ঈদের এই আনন্দ আমরা সবার সঙ্গে ভাগ করে নিতে চাই।"

ভলেন্টিয়ার ফর এনভারমেন্ট এর পক্ষ থেকে জানানো হয়, তারা সুবিধাবঞ্চিত শিশুদের জন্য নিয়মিত শিক্ষা ও স্বাস্থ্য সহায়তা কার্যক্রম চালিয়ে যাবে।এ ধরনের সামাজিক উদ্যোগে সবাইকে এগিয়ে আসার আহ্বানও জানানো হয়।

এ ছাড়াও প্রফেসর ড. সিরাজুল হক, চেয়ারম্যান মার্কেটিং বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয়, ড. মোঃ নেয়ামুল ইসলাম, সদস্য সচিব, মার্কেটিং এলুমনাই এসোসিয়েশন, মোমতাজ আহসান বকুল, মমতাজ আহসান, সুরভি স্কুলের এক্সিকিউটিভ ডাইরেক্টর এমডি আবু তাহের, দেওয়ান রাশিদুল হাসান, মফিজুর রহমান লিটন, জুয়েল আহমেদ সহ অন্যান্য ব্যক্তিগণ উপস্থিত ছিলেন।

ঈদ ভলেন্টিয়ার ফর এনভারমেন্ট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 14:00

URL: https://www.timestodaybd.com/public/bangladesh/775807202